

রাকসু নির্বাচনের তফসিল ঘোষণা, ভোট ১৫ সেপ্টেম্বর

রাবি প্রতিনিধি



ছবি: কালের কঠ

রাজশাহী বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (রাকসু) নির্বাচনের

তফসিল ঘোষণা করা হয়েছে। আগামী ১৫ সেপ্টেম্বর সকাল ৮টা

থেকে বিকেল ৪টা পর্যন্ত একটানা ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে।

নির্বাচনী কার্যক্রম শুরু হবে আগামী ৩১ জুলাই আচরণবিধি

প্রকাশের মধ্য দিয়ে। সোমবার (২৮ জুলাই) দুপুরে রাকসু'র প্রধান

নির্বাচন কমিশনার অধ্যাপক ড. মো. আমজাদ হোসেন নির্বাচনের

পূর্ণ তফসিল প্রকাশ করেন।

শুন



ঝুঁকি এড়াতে নির্বাচনের আগে দেড় লাখ পুলিশের ট্রেনিং হবে : প্রেসসচিব

ঘোষিত তফসিল অনুযায়ী, ৬ আগস্ট প্রকাশিত হবে খসড়া ভোটার

তালিকা। আপন্তি গ্রহণ ও নিষ্পত্তির পর চূড়ান্ত ভোটার তালিকা

প্রকাশ করা হবে ১৪ আগস্ট। এরপর ১৭ আগস্ট থেকে

মনোনয়নপত্র বিতরণ শুরু হয়ে চলবে ১৮ আগস্ট পর্যন্ত।

মনোনয়নপত্র জমা নেওয়া হবে ২১, ২৪ ও ২৫ আগস্ট।

যাচাই-বাচাই চলবে ২৭ ও ২৮ আগস্ট।

৩১ আগস্ট প্রকাশ করা হবে প্রার্থীদের প্রাথমিক তালিকা এবং

মনোনয়নপত্র প্রত্যাহারের সুযোগ থাকবে ২ সেপ্টেম্বর পর্যন্ত। ৪

সেপ্টেম্বর চূড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশ করা হবে। ভোটগ্রহণ শেষে

সেদিনই গণনা ও ফলাফল ঘোষণা করা হবে বলে তফসিলে

উল্লেখ করা হয়েছে।

৫



বিএনপির যে জনপ্রিয়তা বাকি ২৯টি দল মিলেও তা
নেই : আমিন আল রাশেদ

বিশ্ববিদ্যালয় প্রশাসন জানিয়েছে, নির্বাচন সংক্রান্ত যাবতীয়

কার্যক্রম বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ভবনে ও সময়সূচি অনুযায়ী

পরিচালিত হবে। নির্বাচন উপলক্ষে ক্যাম্পাসে বাড়তি নিরাপত্তা

ব্যবস্থা গ্রহণ করা হবে।

প্রসঙ্গত, দীর্ঘ ৩৫ বছর পর ধরে রাকসু নির্বাচন বন্ধ ছিল। এবার

নতুনভাবে রাকসু, হল সংসদ এবং সিনেট প্রতিনিধি নির্বাচন

একসঙ্গে আয়োজনের মাধ্যমে শিক্ষার্থীদের প্রতিনিধিত্ব নিশ্চিত

করতে যাচ্ছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ।